# Times Today BD

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 18 April, 2025

চুয়াডাঙ্গা-ঝিনাইদহ সড়কের নয়মাইল বাজারে ঢাকাগামী রয়েল পরিবহনের বাসের চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই  দু'জন নিহত হয়েছে।

ঘটনাটি ঘটেছে আজ শুক্রবার (১৮ এপ্রিল) ভোর ৫ টার দিকে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানায়, ভোরে চুয়াডাঙ্গা শহর থেকে ঢাকার উদ্দেশ্য ছেড়ে আসা রয়েল পরিবহনের একটি দ্রুতগতির বাস নয়মাইল বাজারে একটি পাখিভ্যানকে চাপায় দেয়।

এতে ভ্যানের যাত্রী আব্দুর রাজ্জাক (৭০) ও সরোয়ার হোসেন (৬৫) ঘটনাস্থলেই নিহত হন।

আব্দুর রাজ্জাকের বাড়ি চুয়াডাঙ্গা সদর

উপজেলার কুতুবপুরগ্রামে এবং সরোয়ার হোসেনের বাড়ি মোহম্মাদ জুম্মা গ্রামে।তারা সরোজগঞ্জ বাজারে চাল ও সবজির ব্যবসা করেন।

পুলিশ ঘটনাস্থল থেকে দু'জনের মরদেহ উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মর্গে পাঠিয়েছে।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ( ওসি) খালিদ হোসেন বলেন, দু'জনের মরদেহ মর্গে পাঠানো হয়েছে।অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

চুয়াডাঙ্গা দুর্ঘটনা সড়ক দুর্ঘটনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 13:39

URL: https://timestodaybd.com/across-the-country/775807988